



মে দিবসে নয়াপল্টনে বিএনপির শ্রমিক সমাবেশ, বড় জমায়েতের আশা



ছবি: সংগৃহীত

আন্তর্জাতিক শ্রমিক দিবস উপলক্ষে রাজধানীর নয়াপল্টনে বড় ধরনের শ্রমিক সমাবেশ আয়োজন করেছে বিএনপি। শুক্রবার (১ মে) দুপুরে দলের কেন্দ্রীয় কার্যালয়ের সামনে অনুষ্ঠিতব্য এ সমাবেশে বিপুলসংখ্যক শ্রমজীবী মানুষের অংশগ্রহণ হবে বলে আশা করছে দলটি।

এ সমাবেশে প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নেওয়ার পর প্রথমবারের মতো বক্তব্য রাখবেন বিএনপি চেয়ারপারসন তারেক রহমান। এছাড়া বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরসহ দলের শীর্ষ নেতারাও বক্তব্য দেবেন।

বৃহস্পতিবার (৩০ এপ্রিল) নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান দলের স্থায়ী কমিটির সদস্য ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা নজরুল ইসলাম খান।

তিনি বলেন, এবারের মে দিবস এমন এক সময়ে পালিত হচ্ছে, যখন শ্রমবাজার নানা চ্যালেঞ্জের মুখে। দীর্ঘদিন ধরে ন্যূনতম মজুরির জাতীয় বেতন কাঠামো নির্ধারণ না হওয়া, আউটসোর্সিং নির্ভর নিয়োগ বৃদ্ধি, কর্মসংস্থানের সুযোগ কমে যাওয়া এবং শিক্ষিত বেকারের সংখ্যা বাড়ার বিষয়গুলো শ্রমজীবী মানুষের জন্য উদ্বেগজনক হয়ে উঠেছে।

তিনি আরও উল্লেখ করেন, অতীতে বিভিন্ন সরকারি পদ বিলুপ্ত করে আউটসোর্সিংয়ের মাধ্যমে নিয়োগ দেওয়ার ফলে কর্মসংস্থানের ক্ষেত্র সংকুচিত হয়েছে। পাশাপাশি পাটসহ বৈদেশিক মুদ্রা অর্জনকারী খাত ক্ষতির মুখে পড়েছে এবং দেশীয় শিল্পের বদলে বিদেশি পণ্যের ওপর নির্ভরতা বেড়েছে।

সমাবেশ থেকে শ্রমিকদের অধিকার নিশ্চিত করতে কয়েকটি দাবি তোলা হবে বলে জানান নজরুল ইসলাম খান। এর মধ্যে রয়েছে—স্বাধীনভাবে ট্রেড ইউনিয়ন গঠন, কর্মক্ষেত্রে নিরাপত্তা ও মানবিক পরিবেশ নিশ্চিত করা এবং রেশনিং ব্যবস্থা চালুর দাবি।

বিএনপির আশা, এসব দাবিকে কেন্দ্র করে দেশের বিভিন্ন অঞ্চল থেকে শ্রমজীবী মানুষ স্বতঃস্ফূর্তভাবে সমাবেশে যোগ দেবেন।